ভোরের কাগজ

AUG. 25 1999
তারিখ
পৃষ্ঠা ৬ কলাম ৬

30

## ২০০১ : আ টাইম অডিসি

# মানুষের মেধার সমকক্ষ হবে আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স

আর্থার সি ক্লার্ক



২০১৬ প্রচলিত সব মুদ্রা বিলুপ্ত হবে। মেগাওয়াট-আওয়ারই হবে বিনিময়ের একক।

২০১৭ সালের ১৬ ডিসেম্বর। নিজের শততম জন্মদিনে স্যার আর্থার ক্লার্ক হবেন হিলটন অরবিটার-এর প্রথম অতিথিদের একজন। ❑ চীন সেদেশের পার্লামেন্টের প্রথম জাতীয় অবাধ ভোটের অনুষ্ঠান করবে।

২০১৯ উত্তর মেরুর আইসক্যাপে একটা বড়ো গ্রহাণু আঘাত করবে। কোনো প্রাণহানি না ঘটলেও এর ফলে যে জলোচ্ছ্বাস দেখা দেবে তাতে গ্রীনল্যান্ড ও কানাডার উপকূল জুড়ে ব্যাপক ক্ষয়ক্ষতির আশঙ্কা আছে। সম্ভাব্য বিপজ্জনক ধূমকেতু ও গ্রহাণু চিহ্নিত ও ধ্বংস করার বহুল আলোচিত প্রজেক্টস স্পেসগার্ডের বাস্তবায়ন অবশেষে শুরু হবে।

২০২০ কৃত্রিম মেধা (এআই) মানবিক মেধার স্তরে পৌঁছবে। এখন থেকে পৃথিবীতে দুটো বুদ্ধিমান প্রজাতি থাকবে। এর একটির বিকাশ ঘটবে জীববিদ্যা তাত্ত্বিকভাবে যতোটা অনুমোদন করে তার চেয়ে অনেক দ্রুতগতিতে। কৃত্রিম মেধাবহনকারী আন্তঃ নাক্ষত্রিক অনুসন্ধান যান পাঠানো হবে নিকটতর নক্ষত্রগুলোতে।

২০২১ মঙ্গলে প্রথম মানুষের পদার্পণ। সেখানে মিলবে অপ্রীতিকর কিছু সারপ্রাইজ।

২০২৩ কম্পিউটার জেনারেটেড ডিএনএ থেকে ক্লোন করা হবে ডাইনোসরের জাতভাই। ফ্লোরিডায় চালু হবে ডিজনির 'ট্রায়াসিক জু'। গোড়ার দিকে দুর্ভাগ্যজনক



*অর্ধশতাব্দীর মধ্যে মঙ্গলগ্রহ হবে মানুষের উপনিবেশ*

কিছু দুর্ঘটনা ঘটলেও মিনি র‍্যাপ্টরগুলো পাহারাদার কুকুরের জায়গা নিতে শুরু করবে।

২০২৪ মিলকি ওয়ে গ্যালাক্সির কেন্দ্র থেকে আসা ইনফ্রারেড সিগন্যাল ধরা পড়বে পৃথিবীতে। নিঃসন্দেহে তা হবে প্রাযুক্তিকভাবে অগ্রসর এক সভ্যতারই কাজ। কিন্তু এ বার্তার পাঠোদ্ধার করার সব চেষ্টাই বৃথা যাবে।

২০২৫ স্নায়ু নিয়ে গবেষণার ফলে দেখা দিতে পারে ইন্দ্রিয় সম্পর্কে আরো গভীর জ্ঞান। চোখ, কান, ত্বকের মতো ইন্দ্রিয়গুলোকে পাশ কাটিয়ে সরাসরি ইনপুট দেয়াও সম্ভব হতে পারে। এ সমস্ত অগ্রগতি থেকেই দেখা দিতে পারে 'ব্রেনক্যাপ' বা ঐ রকম কিছু। ব্রেনক্যাপকে বলা যেতে পারে ২০ শতকের ওয়াকম্যানের এক আদিস্তরের পূর্বসূরী। ২১ শতকের মানুষের মাথায় মাথায় দেখা দিতে পারে টাইট করে লাগানো এই হেলমেটগুলো। এগুলোর সাহায্যেই মানুষের নাগালের মধ্যে এসে যেতে পারে নতুন অনুভূতির এক গোটা দুনিয়া, সরাসরি যোগাযোগ করা যেতে পারে অন্য মস্তিষ্কের সঙ্গে। কেবল বিনোদন বা অ্যাডভেঞ্চারই নয়- ব্রেনক্যাপগুলো বিশেষভাবে হয়ে উঠতে পারে ডাক্তাদের সহায়, যারা রোগীর রোগলক্ষণগুলো জানতে পারবেন আরো নিশ্চিতভাবে। আইনের ক্ষেত্রেও এটি হতে পারে এক যুগান্তকারী ঘটনা। আদালতে দাঁড়িয়ে মিথ্যে বলাটা হবে সম্পূর্ণ অসম্ভব। আবার, ব্রেনক্যাপের ব্যবহার চুলহীন মাথাতেই বেশি ভালো ভাবে করা যাবে বলে পরচুলার ব্যবসা হয়ে উঠতে পারে জমজমাট।

২০২৬ বিশ্বের প্রথম দেশ হিসেবে বিজ্ঞাপনে সত্যি কথা বলার আইন চালু করবে সিঙ্গাপুর।

২০৩৬ মোট জাতীয় উৎপাদনে যুক্তরাষ্ট্রকে ছাড়িয়ে বিশ্বের বৃহত্তম অর্থনীতি হবে চীন।

● আগামীকাল শেষ পর্ব : প্রবীণরা ঠাঁই নেবে চাঁদে